দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN...1 1. 1999 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ... ৫......

84

# নূতন শিক্ষাবর্ষের শুরুতে গাইবান্ধায় প্রাথমিক বিদ্যালয়ের মাত্র ৫৭ ভাগ বই আসিয়াছে

গাইবান্ধা সংবাদদাতা ।। সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ কর্মসূচীর প্রথমদিনে গত ৩রা জানুয়ারী গাইবান্ধা জেলায় প্রয়োজনীয় পাঠ্য পুস্তকের মাত্র ৫৭ ভাগ আসিয়া পৌঁছিয়াছে। ইহার মধ্যে দ্বিতীয় শ্রেণীর নির্ধারিত বইয়ের একটিও আসে নাই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য মোট পাঠ্য বইয়ের চাহিদা ১০ লক্ষ ৮৫ হাজার ৮৩৬ খানা। গত ৩রা জানুয়ারী পর্যন্ত দায়িত্বপ্রাপ্ত প্রকাশকগণ মাত্র ৬ লক্ষ ১৬ হাজার ৭১৯ খানা বই জেলা শিক্ষা বিভাগের গুদামে পৌছাইয়াছে। যাহা শতকরা হিসাবে ৫৬ দশমিক ৮৯ ভাগ মাত্র।

গাইবান্ধায় যে সকল বই আসিয়াছে তাহাতে কোন শ্রেণীরই সম্পূর্ণ বই নাই। দ্বিতীয় শ্রেণীর একটি বইও আসে নাই। এই শ্রেণীতে বইয়ের চাহিদা ৫৫ হাজার ২৪৪ সেট। প্রথম শ্রেণীর একখানাও গণিত বই আসে নাই। তৃতীয় শ্রেণীর পরিবেশ পরিচিতি বইয়ের একখানাও আসে নাই। পঞ্চম শ্রেণীর গণিত, পরিবেশ পরিচিতি (সমাজ) এবং ধর্মের একটি বইও আসে নাই।

গাইবান্ধা জেলায় বই আসিলেও ৩রা জানুয়ারী ছাত্রছাত্রীদের মধ্যে বই বিতরণ শুরু হয় নাই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, সকল বই অর্থাৎ একেক-জন ছাত্রের সম্পুর্ণ সেট এক সংগে ছাত্রছাত্রীদের মধ্যে দেওয়ার চিন্তা-ভাবনা করিয়া থানা পর্যায়ে বই পাঠানো হয় নাই। তবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাম্প্রতিক নির্দেশ মোতাবেক ইতিমধ্যে যে বই আসিয়াছে সেগুলিই দ্রুত থানায় থানায় পাঠানো হইবে।